**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
**সংখ্যা : ১৫/২০১৭**

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**ঢাকা, বৃহস্পতিবার ১৯ জানুয়ারি ২০১৭, ৬ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। টেকসই উন্নয়নের পথে পানি গুরুত্বপূর্ণ বৈশ্বিক বিষয় : প্রধানমন্ত্রী

২। সার্কের কার্যকারিতা শেষ হয়ে যায়নি
: বিশ্ব অর্থনৈতিক ফোরামের দক্ষিণ এশিয়া বিষয়ক সেশনে প্রধানমন্ত্রী

৩। শক্তিশালী নির্বাচন কমিশন গঠনের প্রত্যাশা রাষ্ট্রপতির

৪। প্রধানমন্ত্রীকে প্রবাসী বাংলাদেশিদের অভিনন্দন

৫। মহেশখালীতে দ্বিতীয় এলএনজি টার্মিনাল নির্মাণ মন্ত্রিসভায় অনুমোদন

৬। আগামী ২০২১ সালের মধ্যে রপ্তানি ৬০ বিলিয়ন ডলার ছাড়াবে : বাণিজ্যমন্ত্রী

৭। ভারতের কলকাতায় অনুষ্ঠেয় বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিটে যোগ দিচ্ছেন শিল্পমন্ত্রী

৮। সৌদি আরবের সঙ্গে যৌথ উদ্যোগে তৈরি হবে বৈদ্যুতিক ট্রান্সফরমার : চুক্তি স্বাক্ষর

৯। মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে অনুষ্ঠিত ওআইসি সম্মেলনে
রোহিঙ্গা সংকটের চিত্র তুলে ধরবে বাংলাদেশ

১০। ডব্লিউইএফ এ বাংলাদেশের অংশগ্রহণ গুরুত্বপূর্ণ প্রমাণিত : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী

১১। ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে ২০ কোটি ডলার দেবে এডিবি : চুক্তি স্বাক্ষর

১২। আফ্রিকান-এশিয়ান রুরাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের ৬৮-তম আন্তর্জাতিক সম্মেলন শুরু আজ

চলমান পাতা-২

১। **টেকসই উন্নয়নের পথে পানি গুরুত্বপূর্ণ বৈশ্বিক বিষয় : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অর্থনৈতিক উন্নয়নে বৃহত্তর সহযোগিতা এবং আন্তঃদেশীয় বিশুদ্ধ পানিসম্পদের ব্যবহারের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, টেকসই উন্নয়নের পথে পানি একটি গুরুত্বপূর্ণ বৈশ্বিক বিষয়। পুরো বিশ্বকে পানির মূল্য বুঝতে হবে। এটা অবাধে পাওয়ার জিনিসও নয়, আবার অসীমিতও নয়। সেটা উৎপাদন বা উন্নয়ন যেক্ষেত্রেই হোক না কেন। গতকাল ১৮ জানুয়ারি বুধবার ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) সাইড লাইনে ওয়ার্ল্ড আন্ডার ওয়াটারের ওপর এক আলোচনায় বক্তৃতাকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আরো বলেন, পানি হচ্ছে সম্পদ। শহর-গ্রাম সব জায়গায় সবসময় জীবনযাত্রার প্রধানতম উপাদান পানি। এই পানিকে আমাদের সম্পদ ভাবতে হবে। তাই পানির মূল্য আমাদের জানা দরকার। অসমতা থেকে সমতায় আনতে বিশুদ্ধ পানি ও সমুদ্র সম্পদ খাতে এই সহযোগিতা ভূমিকা রাখতে পারে। পানি সম্পদ সংক্রান্ত যে কোনো সমাধান বাংলাদেশের বিপুল সংখ্যক দরিদ্র ও প্রান্তিক জনগণের জন্য লাভজনক ও টেকসই হবে উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জানান, বাংলাদেশ বৈশ্বিক পুজি ও জ্ঞান প্রদানকারীদের মধ্যে যে কোনো ধরনের অংশীদারিত্বের কথা বিবেচনা করতে প্রস্তুত রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭),
**সংবাদ, যুগান্তর, ইনকিলাব, বাংলাদেশ টুডে, ডেইলি স্টার, নিউজ টুডে, অবজারভারসহ** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **সার্কের কার্যকারিতা শেষ হয়ে যায়নি : বিশ্ব অর্থনৈতিক ফোরামের দক্ষিণ এশিয়া বিষয়ক সেশনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সাউথ এশিয়ান অ্যাসোসিয়েশন ফর রিজিওনাল কো-অপারেশনের (সার্ক) কার্যকারিতা এখনো শেষ হয়ে যায়নি। এই আঞ্চলিক জোট খুব ভালোভাবেই সক্রিয় আছে। আমি মনে করি দক্ষিণ এশীয় অঞ্চলের মানুষের ভাগ্য পরিবর্তনের জন্য এর মাধ্যমে আরো অনেক কাজ করার সুযোগ রয়েছে। গত ১৭ জানুয়ারি মঙ্গলবার কংগ্রেস সেন্টারে অনুষ্ঠিত ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) ৪৭তম বার্ষিক সম্মেলনে দক্ষিণ এশিয়ায় হারনিসিং রিজিওনাল কো-অপারেশন বিষয়ক একটি ইন্টারেক্টিভ সেশনে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। বাংলাদেশের এই ইন্টারেক্টিভ সেশনে শ্রীলংকার প্রধানমন্ত্রী রেনিল উইক্রিমিসিঙ্গী, ভারতের বাণিজ্যমন্ত্রী ও শিল্পমন্ত্রী নির্মলা সীতারামান ও সার্কভুক্ত বিভিন্ন দেশের জনপ্রতিনিধি এবং সুশীল সমাজের সদস্যগণ যোগদান করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)। **সমকাল, জনকণ্ঠ, প্রথম আলো, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, এশিয়ান এজসহ** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **শক্তিশালী নির্বাচন কমিশন গঠনের প্রত্যাশা রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, নির্বাচন কমিশন গঠন নিয়ে সংলাপে বিভিন্ন রাজনৈতিক দল সার্চ কমিটিসহ অনেক সুচিন্তিত প্রস্তাব ও মতামত দিয়েছেন। এসব বিবেচনা করে শক্তিশালী নির্বাচন কমিশন গঠন সম্ভব হবে বলে তিনি আশা করছেন। গতকাল ১৮ জানুয়ারি বুধবার নতুন নির্বাচন কমিশন গঠন সম্পর্কে সংলাপের শেষ দিনে রাষ্ট্রপতির সঙ্গে ইসলামী ফ্রন্ট, মুসলিম লীগ (বিএমএল) ও জাকের পার্টির বৈঠক হয়। বৈঠকের পর রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদিন বলেন, রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন রাজনৈতিক দলগুলোর প্রস্তাব ও মতামত শক্তিশালী নির্বাচন কমিশন গঠনে ইতিবাচক অবদান রাখবে। দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রা এগিয়ে নিতে সব রাজনৈতিক দলকে সহযোগিতামূলক মনোভাব নিয়ে এগিয়ে আসার আহ্বানও রেখেছেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)। **ভোরের কাগজ, ইত্তেফাক** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। **প্রধানমন্ত্রীকে প্রবাসী বাংলাদেশিদের অভিনন্দন**

ইউরোপের বিভিন্ন দেশে বসবাসকারী বাংলাদেশি প্রবাসীরা সুইজারল্যান্ড সফর উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানাতে গত ১৭ জানুয়ারি মঙ্গলবার সুইজাল্যান্ডের বিভিন্ন শহর এবং এর পার্শ্ববর্তী দেশগুলোর প্রবাসী বাংলাদেশিরা সিলভেরেত্তা পার্ক হোটেলের সামনে সমবেত হয়। তারা প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান এবং ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) বার্ষিক সম্মেলনে তার অংশগ্রহণের সাফল্য কামনা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

৫। **মহেশখালীতে দ্বিতীয় এলএনজি টার্মিনাল নির্মাণ মন্ত্রিসভায় অনুমোদন**

কক্সবাজারের মহেশখালীতে দ্বিতীয় এলএনজি টার্মিনাল নির্মাণে সম্মতি দিয়েছে সরকার। গতকাল ১৮ জানুয়ারি সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় এ অনুমোদন দেওয়া হয়। কক্সবাজারের মহেশখালীতে সামিট কর্পোরেশন লিমিটেড কর্তৃক ৫০০ এমএমসিএফ ক্ষমতা সম্পন্ন দ্বিতীয় ভাসমান এলএনজি টার্মিনাল 'ফ্লোটিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসিফিকেশন' ইউনিট স্থাপনের নেগোসিয়েশনের নীতিগত অনুমোদনের প্রস্তাবে কমিটির সম্মতি পাওয়া গেছে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মোস্তাফিজুর রহমান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.৭), **ফিনানশিয়াল একপ্রেস** (পৃ.১,ক.২)।

৬। **আগামী ২০২১ সালের মধ্যে রপ্তানি ৬০ বিলিয়ন ডলার ছাড়াবে : বাণিজ্যমন্ত্রী**

চলমান রপ্তানি প্রবৃদ্ধির হার অব্যাহত থাকলে আগামী ২০২১ সালের মধ্যে গার্মেন্টসসহ সব সেক্টরের রপ্তানি ৬০ বিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, বাংলাদেশের প্রধান রপ্তানি খাত তৈরি পোশাক। বর্তমানে এ সেক্টরে রপ্তানির পরিমাণ প্রায় ৬ দশমিক ১২ বিলিয়ন মার্কিন ডলার, ২০২১ সালে রপ্তানির পরিমাণ দাঁড়াবে ১৮ বিলিয়ন মার্কিন ডলার। গতকাল ১৮ জানুয়ারি বুধবার রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় চার দিনব্যাপী বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ অ্যান্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সেপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএপিএমইএ) আয়োজিত গ্যাপেক্সপো-২০১৭, ৮ম আন্তর্জাতিক শিল্প মেলার

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **যুগান্তর** (পৃ.১৫,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

**৭। ভারতের কলকাতায় অনুষ্ঠেয় বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিটে যোগ দিচ্ছেন শিল্পমন্ত্রী**

ভারতের কলকাতায় অনুষ্ঠেয় তৃতীয় বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিট-২০১৭ এ যোগ দিচ্ছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। আজ **১৯** জানুয়ারি বৃহস্পতিবার ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন শিল্পমন্ত্রী। শুক্র ও শনিবার (২০-২১ জানুয়ারি ) কলকাতার মিলনমেলা হলে এ ব্যবসায়ী সম্মেলন অনুষ্ঠিত হবে। শিল্প মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, পশ্চিমবঙ্গ সরকারের অর্থ, আবগারি, শিল্প ও বাণিজ্য এবং রাষ্ট্রায়ত্ত উদ্যোগ ও শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ড. অমিত মিত্রের আমন্ত্রণে তিনি এ সম্মেলনে অংশ নিচ্ছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪)।

**৮। সৌদি আরবের সঙ্গে যৌথ উদ্যোগে তৈরি হবে বৈদ্যুতিক ট্রান্সফরমার : চুক্তি স্বাক্ষর**

বৈদ্যুতিক ট্রান্সফরমার তৈরিতে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের (বিএসইসি) সঙ্গে যৌথ বিনিয়োগের চুক্তি স্বাক্ষর করেছে সৌদি আরবের প্রতিষ্ঠান আল ফানার এনার্জি। বিএসইসির সচিব মাসুদ আহমেদ এবং আল ফানার এনার্জির বিদ্যুৎ বিষয়ক গবেষণা ব্যবস্থাপক আকবর এম আলম চুক্তি স্বাক্ষর করেন। এই চুক্তির আওতায় অত্যাধুনিক বৈদ্যুতিক ট্রান্সফরমার ও কেবল তৈরি করা হবে। গতকাল **১৮** জানুয়ারি বুধবার শিল্প মন্ত্রণালয়ে মন্ত্রী আমির হোসেন আমুর উপস্থিতিতে এ সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **প্রথম আলো** (পৃ.১৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪)।

**৯। মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে অনুষ্ঠিত ওআইসি সম্মেলনে রোহিঙ্গা সংকটের চিত্র তুলে ধরবে বাংলাদেশ**

রোহিঙ্গা সংকট নিয়ে আজ **১৯** জানুয়ারি বৃহস্পতিবার বৈঠকে বসছে ইসলামিক সহযোগিতা সংস্থা- ওআইসি। মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে একদিনের এ আলোচনায় যোগ দেবেন সংস্থাটির সদস্য দেশের পররাষ্ট্রমন্ত্রীরা। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম এ বৈঠকে অংশ নিচ্ছেন। গত অক্টোবর থেকে মিয়ানমারের রাখাইন রাজ্যে সংখ্যালঘু নৃতাত্ত্বিক জাতিগোষ্ঠী রোহিঙ্গা মুসলমানদের ওপর সে দেশের সেনাবাহিনীর ব্যাপক নির্যাতনের প্রেক্ষাপটে মালয়েশিয়া এ বৈঠকের উদ্যোগ নেয়। রাখাইনের সাম্প্রতিক ঘটনাবলি নিয়ে আলোচনা এবং দীর্ঘদিনের এ সমস্যা সমাধানে করণীয় নির্ধারণই এ বৈঠকের উদ্দেশ্য। বৈঠক থেকে একটি সমন্বিত ঘোষণাপত্র তৈরি করা হবে। এটি ৫৭ মুসলিম রাষ্ট্রের জোট ওআইসির শীর্ষ নেতৃত্বের কাছে পাঠানো হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬)।

**১০। ডব্লিউইএফ এ বাংলাদেশের অংশগ্রহণ গুরুত্বপূর্ণ প্রমাণিত : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক বলেছেন, দেশের ইতিবাচক ব্রান্ডিং সৃষ্টি এবং বিভিন্ন খাতে অর্জন ও সাফল্য তুলে ধরার ক্ষেত্রে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউএফ) বার্ষিক সভায় বাংলাদেশের অংশগ্রহণ খুবই গুরুত্বপূর্ণ প্রমাণিত হয়েছে। তিনি গতকাল **১৮** জানুয়ারি বুধবার সুইজারল্যান্ডের দাভোসে সিলভারেটা পার্ক হোটেলে এক যৌথ সংবাদ সম্মেলনে বলেন, ডব্লিউইএফ'র এ বার্ষিক সভায় বাংলাদেশের যোগদান খুবই গুরুত্বপূর্ণ। এছাড়া আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ যে উন্নয়নের একটি রোল মডেলে পরিণত হয়েছে তা তুলে ধরার ক্ষেত্রেও তাৎপর্যপূর্ণ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১০,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

**১১। ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে ২০ কোটি ডলার দেবে এডিবি : চুক্তি স্বাক্ষর**

দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এসএমই) উন্নয়নে ২০ কোটি মার্কিন ডলার ঋণ সহায়তা দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। এ বিষয়ে বাংলাদেশ সরকারের মধ্যে একটি ঋণ চুক্তি স্বাক্ষর হয়েছে। চুক্তি অনুযায়ী দ্বিতীয় এসএমই উন্নয়ন প্রকল্পের (এসএমইডিপি-২০) বিভিন্ন উদ্যোগে অর্থায়নের জন্য এডিবি এ ঋণ দেবে। এই অর্থের বেশিরভাগই ব্যয় হবে গ্রামাঞ্চলের উদ্যোক্তাদের পেছনে। গতকাল **১৮** জানুয়ারি বুধবার রাজধানীর শেরেবাংলা নগরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সম্মেলন কক্ষে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ও বাংলাদেশ সরকারের মধ্যে একটি ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এডিবির কান্ট্রি ডিরেক্টর কাজুহিকো হিগুচি এবং ইআরডি সচিব কাজী শফিকুল আজম এই চুক্তিতে স্ব স্ব পক্ষে স্বাক্ষর করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১০,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

**১২। আফ্রিকান-এশিয়ান রুরাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের ৬৮তম আন্তর্জাতিক সম্মেলন শুরু আজ**

গ্রামীণ জনপদ উন্নয়নে আফ্রিকান-এশিয়ান রুরাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (এএআরডিও) ৬৮তম আন্তর্জাতিক সম্মেলন শুরু হচ্ছে আজ। রাজধানীর হোটেল ওয়েস্টিনে **১৯-২১** জানুয়ারি পর্যন্ত তিন দিনব্যাপী এই সম্মেলনের উদ্বোধন করবেন পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। আফ্রিকা ও এশিয়া মহাদেশের **১৪**টি দেশের ৩৫ জন প্রতিনিধি এই সম্মেলনে অংশগ্রহণ করবেন বলে জানিয়েছেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব ড. প্রশান্ত কুমার রায়। **সূত্র-সংবাদ** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** টেকনাফ-সেন্টমার্টিন চ্যানেলে একাধিক চর ও ডুবোচর জেগে উঠায় নৌযান চলাচলে সমস্যা সৃষ্টি হওয়ায় পর্যটকদের নিরাপত্তায় জরুরি ভিত্তিতে ডুবোচর শনাক্ত করে সেখানে বয়া ও সিগন্যাল বাতির ব্যবস্থা করার সুপারিশ।

**খ.** **সংবাদ :** গুলিস্তান এলাকার ফুটপাথের হকারদের জরুরি ভিত্তিতে অন্যত্র পুনর্বাসন করার আহ্বান।

**গ.** **জনকণ্ঠ :** দিন দিন লবণের দাম বেড়ে যাওয়ায় দেশীয় লবণ চাষীদের বিনা সুদে অথবা স্বল্পসুদে ঋণ দিয়ে আরও বেশি করে লবণ চাষে অনুপ্রাণিত করার সুপারিশ।

ঘ. **প্রথম আলো :** ব্রাক্ষণবাড়িয়ার নাসিরনগরের রসরাজ দাসের জীবনকে বদনাম দিয়ে অশান্তি ও হুমকির মধ্যে ফেলা বেআইনি ও অমানবিক বলে উল্লেখ করে সরকারকে আইনের দ্বারা এর প্রতিকার করা ও তার নিরাপত্তার ব্যবস্থা করার সুপারিশ।

ঙ. **সমকাল :** বরিশাল শহর ও চট্টগ্রাম বিমানবন্দরে কয়েকজন রোহিঙ্গা আটকের ঘটনার পরিপ্রেক্ষিতে অস্থায়ী ও স্থায়ী শরণার্থী শিবিরের রোহিঙ্গা জনগোষ্ঠীকে নজরদারির আওতায় রাখার ওপর গুরুত্বারোপ।

চ. **যুগান্তর :** অনিয়ম ও দুর্নীতিমুক্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান গড়ে তুলতে অনিয়ম ও দুর্নীতির সঙ্গে যুক্ত ব্যাংক পরিচালকসহ অন্যদের বিরুদ্ধে কেন্দ্রীয় ব্যাংককে আইনানুগ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ছ. **ইনকিলাব, প্রথম আলো, যুগান্তর :** রাষ্ট্রপতি রাজনৈতিক দলগুলোর মধ্যে নির্বাচন কমিশন গঠন নিয়ে আলোচনার যে আহ্বান জানিয়েছেন রাজনৈতিক দলগুলোকে তাতে সাড়া দেওয়ার আহ্বান।

জ. **ইনডিপেনডেন্ট :** হাসপালের বর্জ্যে জীবণুনাশক ভয়ঙ্কর রোগজীবানু থাকায় এসব বর্জ্য বিশেষ চুল্লীতে পুড়িয়ে ফেলা অথবা যথাযথভাবে মাটিতে পুতে ফেলার ব্যবস্থা করার আহ্বান।

ঝ. **ডেইলি সান :** বাড়িভাড়া নিয়ে নৈরাজ্য অবসানে সরকারকে জনস্বার্থে দ্রুত বিদ্যমান আইনকে যুগোপযোগী করে বাস্তবায়নের প্রত্যাশা ।

ঞ. **ডেইলি স্টার :** রাজধানীতে ২০টি মার্কেটে পর্যাপ্ত অগ্নিনির্বাপন যন্ত্রপাতির ব্যবস্থা না থাকার পরিপ্রেক্ষিতে নিরাপত্তার স্বার্থে দুই সিটি করপোরেশনকে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ট. **নিউ নেশন, ডেইলি সান :** বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অধিকাংশতেই ভাইস চ্যান্সেলর না থাকাসহ নানাবিধ অসঙ্গতি থাকা সত্বেও সরকার আরও **১৬**টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্থাপনের অনুমতি দেওয়ার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ব্যবসায়ীক অভিপ্রায়ে আর এ ধরণের বিশ্বাবিদ্যালয়ের প্রতিষ্ঠার অনুমতি না দেওয়ার সুপারিশ।

ঠ. **নিউ এজ :** প্রতিবন্ধী শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার সংখ্যা কমে যাওয়ায় প্রতিবছর ৫ শতাংশ ভর্তি করানোর সরকারি টার্গেট বাস্তবায়িত না হওয়ায় সরকারি নির্দেশনা অমান্যকারী স্কুলের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ায় আহ্বান করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে রাজধানীর হকারদের উচ্ছেদের আগে তাদের পুনর্বাসনে বিকল্প সন্ধানের বিষয়ে ঢাকার দুই মেয়রসহ সংশ্লিষ্টদের এখনই উদ্যোগ নেওয়ার বিষয়ে আলোকপাত করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'কৃষি অর্থনীতি ও শ্রমবাজার'** শিরোনামের নিবন্ধে শাহ মো. জিয়াউদ্দিন বাংলাদেশে শ্রমের মূল্যের ক্ষেত্রে বিদ্যমান অসামঞ্জস্যতা নিরসন করতে পারলে এদেশের স্থায়ী উন্নয়ন সম্ভব বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা